



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ [nhrc.bd@gmail.com](mailto:nhrc.bd@gmail.com)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩- ১০৬

তারিখঃ ২৪ সেপ্টেম্বর ২০২০

### প্রেস বিজ্ঞপ্তি-

জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাহিমা বেগম এনডিসি প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষা ও কর্মসংস্থান তৈরীর উদ্যোগ আরও জোরদার করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। আজ সকাল ১১.৩০ টায় প্রতিবন্ধী ব্যক্তির অধিকার বিষয়ক ৬টি সংস্থা- অ্যাকসেস বাংলাদেশ ফাউন্ডেশন, ডিজএবল্ড চাইল্ড ফাউন্ডেশন, প্রতিবন্ধী নারীদের জাতীয় পরিষদ, সিতাকুন্ড ফেডারেশন, টার্নিং পয়েন্ট, ডব্লিউডিডিএফ এর যৌথ উদ্যোগে আয়োজিত অনলাইন আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ আহ্বান জানান তিনি। সভায় সভাপতিত্ব করেন মনসুর আহমেদ চৌধুরী, মেম্বার এক্সিকিউটিভ বোর্ড, ডিজএবিলিটি কাউন্সিল ইন্টারন্যাশনাল এবং ফাউন্ডার ট্রাস্টি, ইম্প্যাক্ট ফাউন্ডেশন। মোট ১৫ টি প্রতিষ্ঠানের সদস্যরা আলোচনায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন ডব্লিউডিডিএফ এর নির্বাহী পরিচালক আশরাফুন নাহার মিষ্টি, এবং সমাপনী ও ধনব্যাদ জ্ঞাপন এ ছিলেন মহয়া পাল, ফাউন্ডার সহকারী পরিচালক অ্যাকসেস বাংলাদেশ ফাউন্ডেশন।

সভায় বক্তারা নিম্নবর্ণিত তিনটি বিষয়ের প্রতি অধিক গুরুত্ব আরোপ করেন। ক) কতজন প্রতিবন্ধী ব্যক্তি বর্তমানে সরকারি চাকুরী করছে তা সঠিকভাবে নিরূপণকরতঃ তাদের পৃথক তথ্য সরকারি কর্মকর্তা কর্মচারীদের পরিসংখ্যান সংক্রান্ত প্রকাশনায় লিপিবদ্ধ করা; খ) সকল ধরনের প্রতিবন্ধী মানুষের উপযুক্ত কর্মসংস্থান সৃষ্টি; গ) সরকারের প্রণীত প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এবং এর কর্মপরিকল্পনা বাস্তবায়নে সামষ্টিক উদ্যোগ গ্রহণ। উক্ত সুপারিশসমূহের আলোকে সংশ্লিষ্ট দপ্তরসমূহে কমিশন থেকে পত্র প্রেরণ করার বিষয়ে একমত পোষণ করেন মাননীয় চেয়ারম্যান।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ